
# বার্লিন বার্ষিকী




FRAGRANCE OF BENGAL Estd. 2020
IGNITE

শারদীয়া ১৪৩০
দ্বিতীয় বর্ষ

The true essence of Durga Puja flourishes through the creation of a successful Pujabarshiki. It is the fragrance of the autumn festival of unity and culture. The weather becomes palatable, the sky becomes a fluffy cloudy pillow when the Pujabarshiki opens before our eyes. This immaculate amalgamation of emotions is the driving force of our Pujabarshiki, Berlin Barshiki. Berlin Barshiki is one of the fragments of many emotions. Emotions of Bengal, emotions of India.

This year’s Berlin Barshiki is a sky full of colors. Colors of poetry, colors of stories, colors of photography and painting. The editorial committee is grateful to the creators and readers for painting this dream beautifully.

We are truly overwhelmed by the generosity of the Indian Embassy. Ignite e.V. expresses its gratitude to the Editorial committee members, Dipanjan Das, Sayak Saha, and Pooja Sur Saha. We cannot thank enough Tanmay Mandal for designing the Berlin Barshiki cover.

স্বপ্ন স্বপ্ন খেলতে গিয়ে দেরি হয়ে গেল,
পুজো শেষের তুষার সকালে তবু বার্লিন বার্ষিকী এল ।

পুজো মুখী বার্লিন লোকাল দেরী করে ফেললো এবার একটু, তাই দেরী হয়ে গেল ফেরিওয়ালার । রকমফেরের চল্লিশটা খেলনা নিয়ে এসেছে ফেরিওয়ালা এবার বার্লিনে। নেড়েচেড়ে দেখি নিয়ে খেলতে থাকো ভাই, ফেরিওয়ালা বছর ঘুরে ফিরে আসবে নতুন খেলনা নিয়ে তাই । খেলনার একটা লিস্টি দিও, কৃষ্টি হবে তবে। পরের বছর বার্লিন বার্ষিকীতে রঙের বৃষ্টি হবে।

অসংখ্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা রইল আমাদের মুখ্য আর্টিস্টের জন্য, যিনি এই পূজাবার্ষিকীর কভারটি ডিজাইন করেছেন: *তন্ময় মণ্ডল*

ফেরিওয়ালা

দীপাঞ্জন দাস



**A few words about our Berlin Barshiki Cover Designer**

Tanmay Mandal is an auto-didactic artist from India currently based in Prague, Czech Republic. His lust for art propelled me from the land of spices to the land of castles. Each day i s a journey to satisfy wild, unbridled curiosity through intense training and skill development. Started his career in 2010 with games but now he believes that “Life is a canvas waiting to be crafted with a million colors.”

# বার্লিন শারদীয়ার ২০২৩ : এবারের থিম 'ঐক্য ও সংস্কৃতি'

বার্লিন - জার্মানির রাজধানী এবং ইউরোপীয় ইউনিয়নের বৃহত্তম জনবহুল শহর। ইতিহাসের বহু পাতা পেরিয়ে বার্লিন আজ এক বিশ্ব শহর। সংস্কৃতি, স্টার্ট আপ, রাজনীতি, মিডিয়া এবং বিজ্ঞানের পীঠস্থান। গত এক দশকে বহু বাঙালি এই সংস্কৃতি এবং বিজ্ঞান এর স্পন্দন অনুভব করে এখানে বসবাস করতে শুরু করে।বাঙালি মানেই আড্ডা। আর এভাবেই এক আবেগের আড্ডায় ২০২১ সালে প্রবাসী বাঙালির সংঘঠন Ignite ev ঘোষণা করে দূর্গা পুজোর সূচনার।

এবারের পুজো পা দিলো তৃতীয় বর্ষে। পুজোর থিম "ঐক্য ও সংস্কৃতির শারদীয় উৎসব"। মায়ের মূর্তি বানিয়েছেন কুমোরটুলির প্রখ্যাত শিল্পী মিন্টু পাল। প্রতি বছরের মতো এবারের পুজোও সমস্ত বিধি আচার মেনে পালন করা হবে পাঁচ দিন, ২০-২৪ এ অক্টোবর। পুজো প্রাঙ্গন হিসেবে বেঁচে নেওয়া হয়েছে বার্লিনের হিন্দু গনেশ মন্দির। প্রবাসী কলাকুশলীর নকশা, ঢাকে র আওয়াজ এবং উদ্যোক্তা দেড় কয়েক মাসের কঠোর পরিশ্রম এ সেজে উঠবে বার্লিন এর পুজো প্রাঙ্গন। পুজোর উদবোধন করবেন মাননীয় ভারতীয় রাষ্ট্রদূত পারবাথানেনি হরিশ।

বার্ষিক শারদীয়া পত্রিকা 'বার্লিন বার্ষিকীর' উন্মোচন হবে শুভ ষষ্ঠী তে। মা কে বরণ করে পুজোর সূচনা হবে ষষ্ঠী তে। বার্লিন শহরের প্রায় দশ হাজার দর্শনার্থী মায়ের আরাধনা এবং অঞ্জলি দেবেন সপ্তমী, অষ্টমী এবং নবমী তে। অষ্টমী তে থাকছে কুমারী পুজো এবং সন্ধি পুজো। দশমী র বিষাদে মায়ের বিদায় এবং সিঁদুর খেলার সাথে আবার অপেক্ষা আগামী বছরের। এ ছাড়া ও উৎসব এর আঙ্গিনা মাতিয়ে তুলবে প্রত্যেক সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠান সূচি ভরে রয়েছে বাচ্চাদের নাটক, কবি গুরু র গান, থাকছে নানা ঘরানার নাচ ও নৃত্য নাট্য এবং অবশ্যই মন মাতানো বাংলা আধুনিক গান এবং ব্যান্ড সঙ্গীত।

ভোজন রসিক বাঙালির পুজো অপূর্ণ থেকে যায় সুখাদ্য বিনা। পুজোর প্রতি দিন থাকছে ভোগ এর প্রসাদ। এবং তার সাথে থাকছে ফুড ষ্টল, মূলত ভারতীয় নারী দের উদ্যোগে এর আয়োজন হয়।

পুজো র রেশ ছাড়িয়ে পড়েছে বাঙালি, অবাঙালি এবং বহু ভিন দেশ থেকে আশা আমাদের বন্ধু পরিবার গুলির মধ্যে ও। গত কয়েক মাস ধরে চলছে পুজোর প্রস্তুতি, বাচ্চাদের নাটকের মহড়া, বড়োদের সঙ্গীত এর রেওয়াজ এবং আরো কত কি। এ হেনো এক বার্লিন পাড়ার পুজোয় আমরা সবাই ignite ev থেকে মেতে উঠবো পুজোর কদিন উদযাপন করতে 'বার্লিন সার্বজনীন দুর্গোৎসব ২০২৩'।

-- Ignite e.V Executive Committee

## A Message from the President: Igniting Growth and Nurturing Unity



Greetings to all members, supporters, and well-wishers of our esteemed organisation,

As I reflect upon our journey over the past three years, I am filled with immense pride and gratitude for the remarkable growth we have achieved. From humble beginnings, Ignite has evolved into a vibrant community of over 120 members, united by our shared passion for culture, tradition, and unity. Our remarkable progress reflects the dedication and enthusiasm of every individual who has been a part of this incredible journey.

***Igniting Growth and Maturity***

Our journey has been one of growth, learning, and evolution. From our inception, Ignite has blossomed into a community that stands as a testament to our collective commitment. We have strived to become more mature, both in our outlook and in our endeavours . Each experience has added to our depth, and each challenge has contributed to our strength. Our collective wisdom has guided us towards embracing new opportunities and setting higher benchmarks.

Cultural Enrichment Through Diversity

Over time, we have successfully established our presence within the Berlin community. With an average of 14 events annually, we have seamlessly woven cultural threads, infusing the vibrant tapestry of Bengali heritage into the rich cultural fabric of Germany. It is with immense pride that we share that Ignite brought Bengali films to Germany for the first time, providing a unique cinematic experience to our audience.

***A Bridge to Unity***

Our association's involvement in the Indian National Day Celebration Committee has further solidified our role as a conduit of cultural unity. By gathering diverse Bengali rituals and practices under a single umbrella, Ignite has served as a beacon of unity and integration. This endeavour aligns with our larger vision of creating a 'home away from home' for our members, ensuring they find a supportive community in a foreign land.

***Celebrating Our Third Durga Puja***

As we approach our third Durga Puja celebration, our excitement knows no bounds. This annual festivity has grown in significance, and this year's plans are grander than ever. In addition to the traditional rituals, we are preparing to host food festivals that will tantalise the senses and bring our community closer. We also intend to express our heartfelt gratitude to the dedicated members who invest their time and effort to ensure the success of this cherished event.

***A Heartfelt Thank You***

Lastly, I extend my deepest gratitude to the people of Berlin for embracing our culture with open arms. Your support has encouraged us to dream bigger, reach higher, and work harder. It is through our collective efforts that we continue to foster an environment of acceptance, respect, and unity.

In closing, I invite you all to join hands as we embark on this journey of celebration, culture, and unity. Together, let's continue to ignite the spark of cultural growth and spread the warmth of togetherness.

With heartfelt regards,
Abhijit Saha
President, Ignite e.V.
Berlin, Germany

## Ignite e.V. : A Bengali Oasis in the heart of Berlin

I've been in Germany for more than a decade, but it's the first time I've been a part of a Bengali organisation of this scale. Let me give you the lowdown on what it's like to be part of this awesome crew and how it's been shaping my outlook on culture, tradition, and all that good stuff.

Being part of the Bengali community in Germany is like stepping into a whole new world of culture and traditions. We're all about celebrating Durga Puja in style, complete with cultural spectacles, lots of delicious food and of course a lot of adda. These traditions have not only connected me with my roots but have also made me feel like I've found my people. A lot of it has also been about cultural exchange. The Germans and other expats here have been pretty keen on learning about our festivals and traditions. They get right into it, attending our events, and some have even picked up the Bengali language. The intercultural interaction has not only fostered a stronger sense of unity among the Bengalis in Berlin but has also established a valuable connection between our community and the local German cultural milieu.

Also, let's talk about food – because that's always a highlight, right? The smell of biryani, the taste of rasgulla, and the comfort of dal and fish curry – it's like a culinary dream come true. Whenever we meet in groups, it's a feast every time. Sharing these mouthwatering meals with friends has become a heartwarming tradition. It's like a little slice of home right here in Germany.

Preserving our language and culture holds great significance for me. It's pretty cool to see the younger generation speaking Bengali and understanding our cultural heritage, keeping the language alive for years to come. It's like a secret code we all share.

Living abroad can be a rollercoaster, but communities like Ignite can make your journey a lot easier. We've had each other's backs, helped with settling into this new place, and tried to support one another through thick and thin. So, there you have it – my life as part of the Bengali community in Germany for the past three years. It's been a wild ride filled with culture, food, language, and some pretty amazing people. I'm stoked to see where this journey takes us next, knowing that I've got this fantastic community by my side.

Suparno Dutta
Secretary, Ignite e.V.
Berlin, Germany

# FEASTING FOR THE SOUL: THE INDIQUE

## as Berlin's Holistic Indian Culinary Experience

In the bustling streets of Berlin, where history meets modernity, there lies a culinary oasis that stands as a testament to India's rich gastronomic heritage. Nestled in an enclave that pulsates with diverse cultures, The Indique emerges not just as another Indian restaurant but as an embodiment of a philosophy that Indian food carries within itself—a wholesome experience that transcends borders and palates. As we gear up for the fervor of the upcoming Durga Puja, let's explore how The Indique is a cultural and culinary landmark for the Indian community and, indeed, for all residents of Berlin and beyond.





### Authenticity Meets European Elegance

What sets The Indique apart is its unflinching commitment to authenticity. But make no mistake, this isn't just mimicking age-old recipes. Here, authenticity evolves. The chefs at The Indique are culinary alchemists, fusing the potent magic of Indian spices with European finesse. It's a gastronomic theatre where each dish is a headliner and every bite is a standing ovation.

### Beyond the Curries: A Holistic Experience

Indian cuisine has often been misunderstood as a curry-based fusion of spice and heat, a stereotype that The Indique dispels. At The Indique, you get authentic Indian dishes that are not usually served outside India. Our menu reflects the rich tapestry of India's diverse food culture, offering a humble yet curated glimpse into the nation's culinary diversity.

### Palate Diversity: A Menu for Everyone

While the chefs honor the traditions, they are not prisoners to them. Recognizing the global palate, especially for those who may find Indian cuisine too strong for their palate, The Indique's menu offers an assortment of dishes tailored to varying tastes. Whether you are a vegetarian, non-vegetarian, or vegan, you'll find that the menu is an open invitation to a diverse culinary experience.

### Elevating the Experience: Pairings and Ambiance

A meal at The Indique is not just about food; it's a curated experience. The wines and accompaniments are chosen meticulously to amplify the flavors and complete your dining affair. And it's not just the food and drink that captivate your senses; the ambiance—sophisticated yet inviting—plays its part to perfection.





### And in the End!

So as the aroma of incense fills the air and the rhythmic beats of dhak herald the arrival of Durga Puja, why not embark on a culinary pilgrimage to The Indique? Here, every dish tells a story, every flavor is a celebration, and every meal is a journey—right in the heart of Berlin.
Come be a part of this extraordinary culinary tapestry. After all, nothing unites people like good food and great memories.

***Bon Appétit and Shubho Durga Puja!***

| | | |
|---|---|---|
| চিঠি, বাবাকে | উদয়ন বন্দ্যোপাধ্যায় | 9 |
| ফুলের জলসায় | ড. আর্য্য মিত্র | 10 |
| বয়সকালীন | অরুণাশিস সোম | 11 |
| আগুন মাছি | অভিজিৎ চক্রবর্তী | 12 |
| খোকার স্বপ্ন | দেবযানী পালিত | 13 |
| জ্যোৎস্না | রাজর্ষি চট্টোপাধ্যায় | 14 |
| ইতি তোমার শুভানুধ্যায়ী | হৈমন্তী চ্যাটার্জী | 15 |
| শান্তি অবিরাম | নাজমুন নেসা পিয়ারি | 16 |
| চল মন চল উড়ে | সূর্যকন্যা তপতী ( তপতী দাস ) | 17 |
| কাঁটা তার | উজ্জ্বল অধিকারী | 18 |
| বেতার তরঙ্গ | সৌমালী হালদার | 19 |
| After the rain | Swarnava Ghosh | 20 |
| শ্যামলীকে চিঠির একাংশ | সর্বজিৎ ঘোষ | 21 |
| Black & White Gems of Bangla Cinema From The Golden Era | Anibroto Sarkar | 24 |
| বাঙালীর এক টুকরো ফিরে দেখা | ঐশী গাঙ্গুলী, শ্রীয়া দাশগুপ্ত | 30 |
| শারদ-স্বপ্ন | নিবেদিতা ব্যানার্জি | 31 |
| ছবি | জয়িতা গাঙ্গুলী | 32 |
| 6 Missing Children | Areehah Saha, 10 years | 34 |
| Lord Ganesha | Srisa Bhattacharya, 8 years | 35 |
| Ganesha's Mouse | Aarjohee Saha, 8 years | 36 |
| The 4 Seasons | Abhigjna Sinha Roy, 9 years | 37 |
| ছবি এবং ফটোগ্রাফি | | 38 - 63 |

# চিঠি, বাবাকে,,,

উদয়ন বন্দ্যোপাধ্যায়
কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারতবর্ষ

হাঁটাপথ ফুরিয়েছে
হাজরা থেকে গড়িয়াহাট
অবলীলায়,,

আশি পেরিয়েও পারতে তুমি ।

তবু,
ক্লান্তিহীন হাঁটার পথ
একদিন থেমে গেলো
হাজার, হাজার বার চেষ্টা করেও
পারিনি পা চালাতে
আজও ভোররাতে ঘুম ভেঙে যায়
মনে হয় ঐ তো উঠে পড়েছো
বাইরের জানালাগুলো সব দিচ্ছো খুলে
মশারির দড়িটা এই বোধহয় ফেললে
নাকের উপর,,

আমার ঘুম ভাঙানোর জন্য ।

খুব ভোরে কেউ কলিং বেলে আঙুল ছোঁওয়ালে
সবার আগে বেরিয়ে যেতে

আশি পেরিয়েও ।।

তারপর একদিন বললে,
স্বপ্ন দেখছিলাম হেঁটে বেড়াচ্ছি চারদিকে
ঘুম কেটে গেলো

দেখি এই বিছানায় ।

আজকাল কষ্ট হয় না আর
ভাবি কষ্ট নেই তোমার,

তাই।

শুধু মাঝেমধ্যে ভাবি
ভালো থেকো,,নাই বা হাঁটলে

আমি তো হাঁটছি তোমার অনুরূপ হয়ে।

# ফুলের জলসায়

ড. আর্য্য মিত্র
কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারতবর্ষ

মাধবীলতা,অপরাজিতা
যত নামেই তোকে ডাকি
সাধ আর মিটলো কোথায়
আমি তো সেই ব্যাকুল'ই থাকি |

নাম না হয় হোক মানানসই
প্রেম তো চিরকালীন বাউন্ডুলে
তালিকা হাতড়াই স্মৃতির লেখায়
পাছে কেউ ফিরে আসে পথ ভুলে |

ফুলের তালিকায় ভুলের মাশুল
এসময় যত ফুলেরা ফোটে
খুঁজেছি ছাতিম হন্যে হয়েও
মাধবীলতা অপরাজিতা অবশেষে জোটে |

কবিতার লেখা ফুলের গন্ধ
এসময় ছোট হয়ে আসে দিন
ফুলের মতো প্রেমও ফুটুক
শোধ করে দিয়ে প্রেমিকের ঋণ |

প্রেমিকের মন আকাশকুসুম ভাবে
বুকের ভেতর কেবল আসা যাওয়া
ফুলের জলসায় নীরব থাকে কবি
শেষমেশ সেই প্রেম ফিরে পাওয়া |

# বয়সকালীন

অরুণাশিস সোম
লস এঞ্জেলস, ক্যালিফোর্নিয়া, আমেরিকা

অপরিণত মন আমাদের, কাঁদবে বলে প্রস্তুতি আজ,
নরম শিকড় আঁকড়ে তবু বাঁচতে এলো বটের ঝুড়ি,
যুদ্ধ করার ইচ্ছে নিয়ে তুমুল স্রোতে ভাঙবো দেরাজ,
যতই আমার বয়স তিরিশ, তোমার এখন সদ্য কুড়ি !

প্রেমের নামে কেচ্ছা কত, শুনতে গেলে হৃদয় স্থবির,
এই আমাদের আঘাতগুলো, তুফান শেষে একলা শুয়ে,
বৃষ্টি এলে তৃষ্ণা মেটে, কিন্তু শোকের পাথর গভীর,
তোমার বুকে ঝাপসাটে কাঁচ, আয়না হয়ে থাকলো ছুঁয়ে !

বয়স কোনো সমঝোতা নয়, সে আবেগের বদান্যতা,
অজানা কিছু ঝড়ের তোড়ে অজান্তে তাও থমকালো নাম,
এলোপাথাড়ি রুক্ষ রোদেও সুযোগ হলেই ঢাকছে কথা,
জানি তুমি অনেক দূরে, তবুও প্রেমের ডাক পাঠালাম !

প্রেমের কোনো বয়স হয় না, সত্যি এবার মানতে হবে,
কান্না চেপে তোমার দিকে, ছুটতে গেলাম একফাঁকে যেই —
ওই তো সেদিন মিথ্যে ঘায়ে আগুন নিয়ে জ্বললে যবে,
রক্ত দিয়ে বিদায় লেখা, তবে কি আর এক হতে নেই?

আকাশ মাটি নদী পাহাড়, পেরিয়ে কি আর এক হতে নেই?

# আগুন মাছি

অভিজিৎ চক্রবর্তী
কটবুস, জার্মানি

তোমাদের প্রথম দেখেছিলাম
এক বিধবা জননীর শেষকৃত্যে,
মানুষের আজন্মের আশা-আকাঙ্ক্ষা নিয়ে নাকি

তোমরা আকাশে ওড়ো।
সত্যি নাকি?
দুই চোখ তখন সুস্থির
হয়ত জল কালি ফেলেছে তখন চোখে;
মন্ত্রমুগ্ধের মতো দেখছি
পুড়ে যাচ্ছে আমার প্রিয়জন-
আর কী উল্লাস তখন তোমাদের!
আচ্ছা আগুন-মাছি,
ধোঁয়ার রুট ধরে
তোমরা কি স্বর্গে উড়ে চলো?
তোমাদের সেই স্বর্গে কি
ঈশ্বর নামের কেউ বাস করে?
করলে তাকে বোলো-
স্বর্গ চাইনে আমি
পারলে আমার কষ্টের দাম দিতে।



# খোকার স্বপ্ন

দেবযানী পালিত
কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারতবর্ষ

দুর্গা পুজোর সপ্তমী আজ
ঢাক গুড় গুড় বাদ্যি বাজে।
আজ যেন মা যাসনে কোথাও
রোজ যেথা যাস ধান ভানার কাজে।

নতুন জামা হয়নি বলে কাঁদিস নে মা ঘরের কোণে,
শিউলী ঝরা শুভ্র সকাল, আনন্দ কর আমার সনে।
নতুন জামা হয়নি বলে ঘরে বসে কাঁদবি নাকি ?
আজ সকালে দেখে এলেম
বাঁধছে কোমর পরাণ ঢাকী।

আমি যে তোর ছোট্ট খোকা
তোর চোখে জল দেখতে নারি,
গতবারের লাল জামাটা ছেঁড়ে নিতো, দিব্যি আছে,
ওইটে পরেই হাত ধরে তোর আজকে যাব দুর্গাবাড়ী।

লেখাপড়া শিখে যখন হব আমি মস্ত বড়,
থাকবো না এই ছোট্ট ঘরে।
এইখেনেতেই করে দেব চকমিলানো দালান বাড়ী।

রবিবারের হাটে তখন মা তুই যাবি আমার সাথে,
যত ইচ্ছে কিনবি তখন কাঁচের চুড়ি, মখমলী টিপ
হলুদ কালো ছাপা শাড়ী।

বাবা কবেই হারিয়ে গেছে, হয়ে গেছে আকাশ তারা,
আমার শুধু মা তুই আছিস
তোর খোকা আজ পিতৃহারা।

চোখের জল তোর মুছিয়ে দেব একটু বড় হতে দে মা,
তোর খোকা আজ বড্ড ছোট, দুষ্টুমীটা করিস ক্ষমা।

আজ রাতে আর এই গরমে বানাস
নে তুই সব্জী রুটি,
চাঁদ টা পেড়ে আনবো আমি
মা ছেলেতে খাব দুটি।

মাঠের ধারের বটগাছটা দেখেছিস মা কত্ত বড় !
ক্লান্ত পথিক ছায়ায় বসে, কেউ নিয়ে যায় ডালটা ভেঙ্গে।

পাখীরা সব করেছে নীড়,
গাছের কিই বা যায় বা আসে,

প্রাণভরে আজ আশীষ দে মা,
বট বৃক্ষের মতই যেন হতে পারি বড় মা গো,
লম্বাতে আর বয়েসে নয়
সত্যিকারের বড় হব।

# জ্যোৎস্না

রাজর্ষি চট্টোপাধ্যায়
কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারতবর্ষ

জ্যোৎস্না এসে উঁকি দেয় আমার ঘরের কোনে

ধরতে গেলে দেয়না ধরা  পালায় আপন মনে

মনের মাঝে নেয় যে বাসা ধরা  দেয়না তাই

খাঁচা র ভেতর অচিন জ্যোৎনা কেমনে আসে  ভাই

ঝিল মিল ঝিল জ্যোৎস্না স্বপ্ন ঝরে মনের কোনে

ছলাৎ ছলাৎ আলোর শব্দ হয় যে নিশীথ বনে


জোৎস্না জোৎস্না করে এত হেদিয়ে মরিস কেন ?

পূর্ণিমাতে জোৎস্না বৃষ্টি হবেই হবে জেনো

# ইতি তোমার শুভানুধ্যায়ী

হৈমন্তী চ্যাটার্জী
বার্লিন, জার্মানি

উড়ে যাও মেঘবালিকা পাহাড়ের কাছে।
পাহাড় তোমার ভবিষ্যৎপুরুষ
উড়ে যাও তুমি
এখনো তুমি বৃষ্টি হওনি,নদী হতে তোমার কয়েকজন্ম লাগবে...
তবু তুমি এখানে থেকো না,
পাহাড়ই তোমার নিরাপদ আশ্রয়।
এর বেশী আমার বলা বারণ।
এ শহরেই আমায় থাকতে হবে
তুমি বুঝতে পার না
তুমি এখনও ছোট
অপাপবিদ্ধ কি না সে আমার জানা তো নেই
কিন্তু ঐ চোখের দৃষ্টি থেকে জানি তুমি ভালোও নেই।
কি তোমার ভয়,কোথায় তোমার ভয়
সেসব শুনবে সময়
হয়ত লিখে রাখবে
হয়ত নয়
আমি নিয়তির সন্তান
ঢেউয়ের শীর্ষে কিম্বা পাদদেশে আমি উত্তাল
এই শহরেও কাউকে চিনিনা
তুমি চলে যাও
কাকেইবা বলব,দুর্দিনে আশ্রয় দিও। বালিকামাত্র।
উড়ে যাও বালিকা,মেঘবালিকা,মেঘ আমার
আমার স্বপ্ন,আমার শৈশব
পাহাড় জানে মৃত্যু তোমার,তোমার জন্মবৃত্তান্ত
তাকে নিয়তির নির্দেশ মানতে হয় না
সেই তোমার পুরুষ,সেই পিতা
সে অমোঘ
বনস্পতি নয়,সে ঝরে যায়
রত্নাকর নয়, সে সরে যায়
শুধু পাহাড়ের কাছে যেও কেমন।




# শান্তি অবিরাম

নাজমুন নেসা পিয়ারি
বার্লিন, জার্মানি

ভালবাসার ভেতর দিয়ে
স্বপ্নগুলো জেগে রয়
পাখীরা রোদ মেখে
ডানায় স্মৃতি নিয়ে
উড়ে যায় দূরে
বহুদূরে --
আলস্যে জলে ভাসে হাসের দল
পড়ন্ত বিকেলে।
গোধুলি ছুঁয়ে ছুঁয়ে
আকাশে মেঘেরা রঙিন হয়!
বাতাসে লোবানের সৌরভ,
ঝরে পড়ে
গোলাপের পাপড়ি --
আরতির কপালে সিঁদুর মায়াময়।
দূরে আজানের সুর,
আমজাদ খানের হাতে সরোদ!
পৃথিবী লিখে যায় আমাদের কথা --
সকাল দুপুর রাত।
শুধু জ্বলে ওঠা,
ভালবাসা বুকে নিয়ে
ঘাঁসে ঘাঁসে পা ফেলা
কংক্রিটের পথে হাঁটা!
শান্তির আঁচল ছুয়ে
আমাদের ঘরে ফেরা।

# চল মন চল উড়ে

সূর্যকন্যা তপতী ( তপতী দাস )
কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারতবর্ষ

চল মন চল উড়ে—
বলাকার মত ডানা মেলে,
যেথা বন পথে সূর্যের আলো ছায়া
আল্পনা আঁকে আপন মনে,
যেথা রাখালিয়া বাঁশির সুরে
ভূবনডাঙার ডুরে শাড়ির নূতন বৌ
বেড়িয়ে পরে ঘর ছেড়ে,
চল মন চল উড়ে—
যেথা গোপনে রুমালের কোনে
গোলাপী সুতো দিয়ে
তোমার নামের আদ্যাক্ষর
লিখছে সেই লাজুক মেয়ে-
চল মন চল উড়ে —-
যেথা চিলে কোঠার ছাতে
একা চাঁদ জ্যোৎস্নার চাদর বিছিয়ে
বসে আছে আমারই অপেক্ষাতে
মনরে তুই পারিস কি আমায় নিয়ে যেতে
সুদূর সেই নীল আকাশ পথে
যেথায় চলে গেছে মা ,বাবা আমায় ফেলে—
উন্মনা মন উদাস হয়ে কাঁদায়
তারায় ভরা ঘন কৃষ্ণ কালো আকাশ
গোলকধাঁধার পথে ,পথ হারাল মন—
উড়ে যেতে যেতে দু' ডানাতে জমা করা কথা
চঞ্চুতে ধরে রেখে উড়ে চলে মন
দূরে কোথাও—বহু দূরে—
আলোকবর্ষ পার করে আবারও জন্ম নিবে
পরিচিত বৃত্তীয় পৃথিবীতে
আবারও বলবে এসে
চল মন চল উড়ে—
দূরে কোথাও বহু দূরে—-।

# কাঁটা তার

উজ্জ্বল অধিকারী
কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারতবর্ষ

রক্ত মাখা কাঁটা তার পেরিয়ে আসা,

ছেড়ে আসা দেশের বাড়ি মাঠ,

পুরোনো গলি নদীর ধার,

সব ছেড়ে অজানার পথে

তখনও আমাদের ঘাড় নিচু,মাথা নিচু।

শান্ত বিকেলটা রক্তের রঙে লাল হতে দেখেছি।

দেখেছি কাছের মানুষকে বিদায় নিতে!

কাঁটা তারে রয়ে গেছে রক্তের দাগ।

তখনও আমাদের ঘাড় নিচু মাথা নিচু।

বুলেটের আর বোমার অমানবিক আক্রমণে,

আমাদের জবাব ছিল নীরবের খই ফোটা।

তখনও আমাদের ঘাড় নিচু মাথা নিচু।।

# বেতার তরঙ্গ

সৌমালী হালদার
বার্লিন, জার্মানি

এই যে এত বৃষ্টিপাতে,
আমাদের যোগাযোগকেও ভিজিয়ে দিয়ে
ঘাপটি মেরে বসে থাকে রিসিভার।

টেলিফোন বুথের মত মনে পড়ে না ;

শেষ কবে চোখের দেখা দেখেছিলাম।

শুধু মনে আছে,

চোখের ওপরে ছিল আলোকলতা।

এই কয়েক বছরে কতবার লোডশেডিং কিংবা রূপকথা-আলো

আমার ওপরে পড়েছে, তা তুমি জানো।
একদিন তো উড়োজাহাজের নীচে আরেকটা উড়োজাহাজ
এমন এসে গিয়েছিল ;

যেন জঠোরে নিরাপদ ভ্রূণ।

আকাশ আর মেঘ তখন বেবাক দাঁড়িয়ে !
তারাগুলো তখন এমনভাবে জ্বলছিল যেন
টোকা মারলেই খসে পড়বে..


মায়ের একরত্তি লাল টিপ-অস্তে
যখন নাকের তারাটা খসে পড়ল
তখন আমি চেয়েছিলাম,

আকাশবাণী কলকাতা 'ক' বা 'খ' এ

একটা বিস্ময়ের সরাসরি সম্প্রচার।

এখানে রেডিও শুনতে পাইনা বলে জানিনা,

বাবা এখন রেডিওতে কথা বলে কী না !



# After the rain

SWARNAVA GHOSH
Bangalore, India

The rain stopped falling, the sky is still dark. I see
the water trickling down the tree bark. Water
shines like a diamond on the grass.
I look out my window through the glass.
I smell the intoxicating earthy smell... Everything
stopped and fell under a spell.
A gentle cold breeze frisks by,
A dragonfly comes out to fly.
Everything looks fresh and lively.
It washed away the dirt nicely.
All this happened in a small garden of mine. I see
my flowers blush like a red wine.
This feeling of contentment and peace, All my
burden and worries suddenly cease. Rain is the
harbinger of a feeling,
The word to describe that is healing.

# শ্যামলীকে চিঠির একাংশ

সর্বজিৎ ঘোষ

কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারতবর্ষ

তোমার মনে আছে, শ্যামলাল, সেই এক অলৌকিকতা, যেবার তুমি এসেছিলে এক খুদে মাছ হয়ে, আর কীভাবে যেন ধরা পড়েছিলে এক বকের ঠোঁটে? তোমার সেই শেষ কয়েকটা পাখা নাড়া, রঙ্গিন বুদবুদের মতো ক্রমশ তুমি যেন ছড়িয়ে যাচ্ছিলে আর গাইছিলে ঘুমপাড়ানি মাসিপিসি, এক মুহূর্তে তোমার মনে হল তুমি বোধহয় সবকিছু জেনে ফেলবে, আর তখনই বক ছেড়ে দিল তোমায়! অথচ, তুমি তো এত জন্মে এটুকু অন্তত জেনেছ, মৃত্যু আসলে এক জোয়ারগামী নৌকো, যে সহজেই নিয়ে যায় সমস্ত অজানার দিকে! তবে তো তোমার আফসোস করা উচিৎ সেই বকের জন্য, শ্যামলাল, নইলে তোমায় এতদিন অপেক্ষা করতে হয়! কীভাবে যেন, তুমি আবার এটাও জানো, তুমিই ছিলে সেই একঠেঙো বক, চোখ খুলে আসলে তুমি দেখতে চাওনি নিজেরই মৃত্যুকালীন প্রেম, যেভাবে মাঝরাতের স্টেশনে চাওয়ালা ঘুমচোখে পাক খায়, তুমি আলগোছে সেভাবেই তো এতদিন বাঁচলে... অতএব, এ এক অমোঘ তোমার, শ্যামলাল, তুমি নিজেই আরেকটু সাড়া দিতে পারতে নিজের সেই আকুতির কাছে, আরেকটু সাহস নিয়ে এগিয়ে দেখতে পারতে খানিক, যে দোকান খুঁজবে বলে তুমি বাড়ি থেকে বেরিয়েছিলে আর ভেবেছিলে কাউকে কোত্থাও জিজ্ঞেস করবে না, যেভাবে আজ অব্ধি এও জিজ্ঞেস করনি কোন পথে জন্ম, সেই দোকান কি তুমি পেরিয়ে এলে শ্যামলাল? আজ, এই যখন একে একে উবে যাচ্ছে মানুষ, কর্পূরের মতো ক্রমশ কেবল কিছু গন্ধ ফেলে গিয়ে যখন মানুষ দাবি করছে অমরত্বের, সেসময়ে তোমার মৃত্যু তো বড় সুখকর হতো, তাই না? কিংবা শ্যামলাল, মানুষ আসলেই সুখ চায় না, পৃথিবীর সবচেয়ে দুঃখীতম একাকী মানুষটিও বলে খানিক বেঁচে নিই, আর কটা দিন মোটে! বলে, তারা একথাই বলে, অথচ বড় অস্ফুটে বলে শ্যামলাল। তারা শুনতে পায় না নিজেদের শব্দ, যেভাবে সিগনালে কেউ কারো হর্ন শুনছে না অথচ সবাই সবারটা ছাপিয়ে ভাবছে নিজেরটা শোনাবো আর কে যেন চেঁচিয়ে গেল বাঁয়ে বাঁয়ে, আর কাকে তুমি অনুরোধ করেছিলে সেদিন তোমায় রাস্তা বলে দিতে? তোমার কি এইটুকু বিশ্বাস কোনোদিন ছিল, শ্যামলাল, অন্তত তোমার সেই পোষা ভূতেদের উপরেও, যে একবার অন্তত মাটির ভিতর থেকে উঠে এসে দেখে যাব কেমন চলছে চারপাশ... সেই ভূতেরা তো তোমায় জানিয়েছে, তুমি আজও এক মৃত্যুর ভীষণ কোমরলাগোয়া একটা রাস্তা দিয়ে হাঁটছ, কেয়ারি করা ফুলের ঝাড় তোমার পাশে, তুমি ভেবেছ নিজের প্রতি এক তীব্র আবেগে তুমি হেঁটে যাবে সমস্ত পথটুকু, আর একবারও ভাববে না ফুলের পাশে একটু বসি! শ্যামলাল, তুমি জানো না, আজ অব্ধি কেবল ফুলের জন্য দুঃখ পেয়েছে কত মানুষ, কত মানুষ কেবল ফুলের জন্য শুকিয়ে গিয়েছে নিজেদের ঘরে, আর তুমি বিবাগী হয়ে ফুলকে বললে অর্ঘ্য! অথচ দ্যাখো, এই তো তোমার সেই স্টেশন, যেখানে কোনোদিন ঠিক সময় দ্যাখায় না আর ট্রেন আসে গোলমেলে প্ল্যাটফর্মে, এদিকের গাড়ী হামেশাই ওদিকে চলে যায় আর তুমি ট্রেনে চড়বে ভেবে কাটিয়ে দিলে তোমার সমস্তক্ষণ, অন্তত যতটুকুতে ধরে নিতে তুমি মৃত্যুর মতো তীব্র কোনো হাসনুহানার গন্ধ, সেইটুকু সময়েই তো হুহু করে কেটে গেল জন্ম। তুমি কেবল বসে ভাবলে চড়বে একমাত্র ঠিক ট্রেনে, আর ওদিকে অন্তত চড়ে বসলেও তোমার এক যাত্রা থাকতো, থাকতো এক স্টেশনে হঠাৎ নেমে পড়া আর ট্রেন ছাড়ার আগে হঠাৎ ছুটে উঠে আসা, কিন্তু এই স্টেশনে তুমি কেবলই ভাবলে ফুল দিয়ে আদৌ কিছু যায় আসে কিনা মানুষের। এইখানে এসেই যতবার তোমার কুঁয়োর দড়ি আটকে যায়, মাঝপথে প্রলম্বিত বালতির মতো তুমি ভাবো পরের জন্মে আকাশ হয়ে জন্মাবে...

অথচ, এ চিঠি তো শ্যামলীকে লিখছ তুমি, কিন্তু সে বুঝি আজ বড় উতলা! কিন্তু তুমি তো জানো, এ চিঠি সবচেয়ে অনিচ্ছের চিঠি তোমার। তোমার ত হঠাৎই মনে পড়েছে, কত কিছু করা বাকি থেকে যাচ্ছে তোমার! এখনই তুমি শুরু করতে পারো না তোমার সেই বকের উপাখ্যান, সেই অলৌকিকে পৌঁছতে যতটা বীতস্পৃহা অর্জন করতে হয়, ততটা

তো তোমার সম্বল নেই। তুমি তো এখনো ভাবো থেকে যাবে, দু'একবার, অন্তত স্বপ্নেও তুমি কখনো দেখেছ শ্যামলী এসে বসেছে তোমার মাথার কাছে, তুমি ঘুম থেকে উঠেই যেন দেখবে এমন এক বিশ্বাস নিয়ে জাগতে চাও, অথচ, কী পরিহাস তোমায় আয়ুভর করে যাওয়া হল! তুমি না পারো সেই বিশ্বাসে স্থিত হতে, না পারো স্বপ্নকে সরিয়ে আরো খানিক ঘুমিয়ে নিতে। তোমার তবে কী গতি করা যায়, বল তো, শ্যামলাল... তোমার দ্যাখার কথা তো ছিল সেই মেয়েটিকে, যে কয়েক মুহূর্ত স্থির হয়ে গেল খানিকটা কাঁদল খানিকটা মাথা নিচু করে রইল আর হিলহিলে ক্যামেরা ঢুকে গেল তার অশ্রু পেরিয়ে, আহা পবিত্রতম সেই অশ্রু কেন কেউ ধরে রাখেনি এক কাঁচের বয়ামে, আর সবশেষে ভাবল এভাবেই নিভে যাচ্ছে মোমবাতি... অথচ শ্যামলাল, এই জানার কথা থাকাও তোমার সব নয়, এর পরেও কথা থেকে যায়। সেই মেয়েটি তো ভাবেনি মোম নিভে যাবে, সে কেবল ফিরে যাচ্ছিল নিজের কষ্টের কাছে, কবাডি খেলার মতো সে বারবার ঢুকে পড়ছিল বিপক্ষে কিংবা তুমি জানো না আসলে কোনটা বিপক্ষ আর সে বিশ্বাস করেছিল তার এতদিনের সবকিছু মিথ্যে হয় না, যেভাবে প্রবল ঝড়েও মিথ্যে হয় না দিনের পর দিন কুটো কুড়িয়ে অক্লান্ত কাকের বাসা গড়া, সে যতই তুমি ঝড় দেখে কবিতা মারাও আর রচনা লেখো ক্লাস ফাইভে এক ঝড়ের রাতে পাখির ছানাকে আশ্রয় দেওয়ার মিষ্টি গল্প। আর তুমি কেবল চেঁচিয়ে গেলে তার অশ্রু ধরে রাখবে বলে, পবিত্র সর্বরোগহারী, অথচ, তোমার না কথা ছিল সেই অশ্রুজন্ম নিয়ে নেমে আসার! এভাবে কেন তুমি বারবার নিজেকে হত্যা কর শ্যামলাল, যখন তুমি জানোই, প্রতিটা হত্যা তোমায় নিয়ে যায় আরো এক পুনর্জন্মের আবর্তে, অথচ সেই আবর্ত কত নতুন করে রঙ চাপাবে বলে ভেবেছিলে তুমি! আবার এও হতে পারে, কথা কিছুই ছিল না তোমার, যেভাবে শ্যামলীর কথা থাকে না, শ্যামলীর কেবল দৃষ্টি থাকে, আর থাকে এক জন্মমুহূর্ত।

এইবারে অন্তত তুমি কিছু কথা শ্যামলীকে বলতে পারবে। শ্যামলীর থাকে এক জন্মমুহূর্ত, আর জন্মমাত্রেই বিন্দুবৎ শ্যামলী খুঁজতে যায় এক নদীর পাড়, এক আনত গভীর অবস্থিতি, দৈর্ঘ্য-প্রস্থ-উচ্চতা যে কোনোদিনই শ্যামলীর থাকবে না তা তো তুমি জানো... শ্যামলীর সেই জন্মমুহূর্তেই কেবল তার আয়ু, সে কেবলই ছুটে যায় এক অনন্ত জঙ্গলের দিকে, অথবা সেই একমুহূর্তেই তার ছুটের উদ্যোগ! অথচ, তোমার তো খুঁজে বের করার কথা সেই জঙ্গল, সেই যেখানে প্রাচীন এক কাকচক্ষু দিঘিতে শ্যামলী স্নান করবে আর তার আয়ু ক্রমশ বাড়বে, ক্রমশ সে আরো আরো ছুটবে আর তার দিকে চেয়ে তুমি ভাববে আর ভাববে, এদিকে দ্যাখো সন্ধ্যে হয়ে আসে... দূরে কোনো এক ধাবমান ট্রেনের শব্দ পাচ্ছো না, শ্যামলাল? গুমগুমগুমগুম করে মাটি কাঁপছে, আর কিছু অমোঘতা যেমন এতই ভারী যে তাদের কাছে জোড়হাতে বসে থাকা যায়, তেমনই একক সেই ট্রেন এগিয়ে আসছে শালবনে, চলে এসো শ্যামলাল, উঠে এসো এই গাছের মগডালে, এখানে দাঁড়িয়ে একদিন রতন বলে গিয়েছিল ভালবাসা, আর তারপর আকাশের ভিতর, খুব খুব ভিতর পর্যন্ত গিয়েছিল আর থামেনি আর ফিরে না এসেই কত্ত গল্প করেছিল আকাশের, তুমিও কি সেই মগডালে উঠে এলে? তুমি কি আদৌ নাগাল পাও সেই ডালের, যতদূর গেলে নির্ভয়ে তুমি তাকিয়ে দেখবে ট্রেন আর চেঁচিয়ে বলবে থামতে, আহা শ্যামলাল, তুমি কি বুঝতে পেরেছ তোমার সেই মগডাল আর দুইঞ্চি মাত্র উপরে? সেই যে, একবার হঠাৎ তুমি সেই মেয়েটির বাইকে চেপে চলে গিয়েছিলে ভীষণ জোরে, আর দেখেছিলে গতি বাড়লেই কেমন মনে হয় যাওয়াটা আরো দীর্ঘ হচ্ছে, অথচ তা তো হওয়ার কথা নয়! তোমরা গান গেয়েছিলে, শ্যামলাল, দাঁড়িয়েছিলে এক জ্যোৎস্নাপ্লাবিত বনপথে আর ভেবেছিলে আরেকটা গান গেয়েই চুমু খাবে, আর হঠাৎই খেয়াল করেছিলে তুমি যেন দৌড়োচ্ছ, তুমি যেন পালাচ্ছো, একের পর এক মোড় ঘুরলে, আর বারবার পেছনে ফিরে দেখছ অপেক্ষা করছে কিনা কোনো এক চুম্বন... কিন্তু, অপেক্ষা তো কেবল গাছেরা করে, শ্যামলাল, কিংবা তাও করতে পারে কিনা সে বিষয়ে তোমার সংশয় আছে। তাহলে কীভাবে তুমি ভাবলে, শ্যামলী শুনতে পাবে তোমার সেই পলায়নশব্দ আর তোমায় বলবে শাবাস! শ্যামলী তো চায়নি কখনোই তুমি এক স্থবির হও, অথচ স্থবিরের বিপরীতে তুমি কিনা পলায়ন বোঝো, শ্যামলাল!

সুতরাং, কুড়িয়ে নিও, যতটুকু খুদকুড়ো নিয়ে বেরিয়েছ, গামছার খুঁটে বেঁধে নিও চিঁড়ে গুড়, আর আস্তে আস্তে বিকেল হল তো, রাতও বোধহয় হল, বাসের খোঁজে বড় রাস্তায় এসে দাঁড়াও তুমি, শ্যামলাল, সেই যে সকালে পেরিয়ে গিয়েছ

লালমাটি আর সরু খাল, সেই যে শালের মধ্যে দাঁড়িয়ে ভেবেছ মধ্যদুপুরের শীত ভীষণ আদুরে, সেসবের দাম চুকিয়ে দিয়ে এসো। তোমার হাতের দুইঞ্চি নাগালে ছিল যে মগডাল, সেটা আসলে তোমার কল্পনা, কারণ তুমি গাছে উঠতে শেখোনি আজও। গাছের ছায়ায় তুমি কেবল বসতে শিখেছ, আর ভাবতে শিখেছ রতন একদিন গাছ থেকে নেমে এসে বলবে চ, ফিরি এবার... ততদিন কি কেবল বসে থাকবে তুমি, শ্যামলাল? এই যে বনে অন্ধকার হল, ঝিঁঝির ডাকের মধ্যে তুমি দেখলে এক আশ্চর্য বিকেল কেমন ছেড়ে গেল প্রিয়াকে, সেসবে তোমার ভয় করে না শ্যামলাল? তোমার মনে হয় না, সেই যে বৃহচ্চঞ্চু বক তোমার পেছনেই এসে দাঁড়িয়েছে, লতানে গাছের পাতার ফাঁকে তারাদের মিটমিটে আলো তার পালকে, আর তুমি কতক্ষণ অপেক্ষা করছ একটা বাসের জন্য, কারণ সেই একমাত্র ট্রেন যে এসেছিল তাকে তুমি দেখতে পাওনি... শ্যামলাল, সেরার তো সময় হল, একবারের জন্যও কি মাপ চাইবে না এই অরণ্যের কাছে? মাপ চাও তবে রতনের কাছে, মাপ চাও শ্যামলির কাছে, মাপ চেয়ে নাও সেই বকের কাছেও, আর তারপর দেখবে হঠাৎ হাঁটতে শুরু করেছ তুমি, ভীষণ নীল জ্যোৎস্নায় তুমি ভাববে সারাদেহ সমগ্র সবকিছু নিয়ে এই যে প্রান্তরে হেঁটে যাওয়া, এর নাম মৃত্যু, আর দেখবে হঠাৎ এক মোড় ঘোরার ঠিক আগেই ভীষণ এক আলো ঠিকরে এলো তোমার দেহে, তুমি ঠাহর করতে পারলে না সেই আলোয় রয়েছ তুমি নিজেই, তুমি ভাবলে বাস আসছে আর অপেক্ষা করতে লাগলে, বাসে চেপে আবার ফিরবে জঙ্গলে, আবার সেই ভীষণ নীল জোছনায় একবার অন্তত দেখতে যাবে সমস্ত শালগাছেদের জীবন, দেখবে তারা কেমন জীবন্ত হয়ে উঠেছে, নীরবতার মতোই প্রাণের স্পন্দন তাদের দেহে, আর দেখবে শ্যামলী...

বিশ্বাস করো শ্যামলাল, আমি সত্যি জানি না মোড় ঘুরে যে আসছে, সে কোনো ফিরতি বাস, নাকি সেই বিশালদেহী বকের মতো তোমার যাবতীয় স্বপ্ন, নাকি আরো আরো তীব্র ও ভীষণ কিছু, যা আমি কল্পনা করতে পারি না... আমি তো দেখি শুধু, শ্যামলাল, তুমি হাঁটছো সেই মোড়ের উজ্জ্বল আর ধাবমান আলোর দিকে, আর তার মুহূর্ত আগে অব্দিও ভীষণ নীলচে জোছনায় গাঢ় হয়ে আছে অন্ধকার, তোমার পায়ে পায়ে... তুমি হাঁটছো শ্যামলাল, কেবল পথের বাঁক বেয়ে আলো আর তুমি হাঁটছো, হাঁটছো, হাঁটছো...

# Black & White Gems of Bangla Cinema From The Golden Era

Anibroto Sarkar
Berlin, Germany

When we exclusively talk about the Golden era of Bangla cinema, we address the time when Bangla cinema was at its peak. The period loosely considered between 1952 to 1975 marked an era that not only elevated Bangla films in stature, but also catapulted Indian cinema in general to an International platform. Within that time frame, 11 Bangla movies won the Indian National Award for best film.During that period, Bangla films were not just being remade in Hindi, but popular Bangla songs too were being adapted for a larger Bollywood audience.Also at that period, Bangla movies were also making their mark in various film festivals around the globe, primarily with the contributions from Legendary Satyajit Ray, Ritwik Ghatak and Mrinal Sen.

Even though the Golden age of Bangla films has become almost synonymous with names of Ritwik-Mrinal and Satyajit, and even if any remote mention of classic Bangla films resurfaces the names of these legends in memory before anyone else's, it would be ignorant to assume that quality content in Bangla cinema came from only select few. The fact that popular literature and media have somehow failed to look beyond the shadows of these stalwarts while dealing with this era, has largely attributed to this.

As a result, in the Bangla community itself, we somehow forgot the unsung heroes of the Bangla industry. To us, Bangla films of golden era only reminds us of marvels like Pather Panchali, Apur Sansar, Meghe Dhaka Tara, Bhuvan Shome, etc; comedies like Sare Chuattor, Bosonto Bilap and sometimes even the legendary pairing of Uttam-Suchitra. But, as the dust of time kept getting thicker, we somehow kept forgetting that there existed an ensemble of versatile storytellers par excellence like Tapan Sinha and Tarun Majumdar; that there were acting giants like Rabi Ghosh and Anup Kumar; and that there were outstanding character actors like Pahari Sanyal and Bikas Roy who's contributions to Bangla cinema speak for themselves even after many decades of their fading away.

Let's revisit and take a look at some unique gems from the Golden era of Bangla cinema, not directed by the legendary R-M-S which deserve more appreciation. The list is not in anmy specific ordere, but if you havent seen any of these, we would strongly recommend watching these masterpieces.

PALATAK (1963)
Director: Jatrik (Tarun Majumdar, Sachin Mukherjee, Dilip Mukherjee)



Released in 1963 this film has the distinction of having 3 directors in its credits. This story of a bohemian man, who has the habit of escaping without notice was directed by Tarun Majumdar, Sachin Mukherjee and Dilip Mukherjee. Much before we had a wanderlust bitten Bunny from Yeh Jawani Hai Diwani, we had our very own Basanta Chattuje who by breaking the bonds of commitment, keeps roaming around, trying to find new people and see new places with a lasting persuit for happiness. Basanta leaves behind the comfort zone of a rich life, and escapes hoping to see the world in a new light.The film was written by Manoj Basu with Tarun Majumdar himself while he was still a part of Jatrik.

The performance by Anup Kumar, who won a BFJA for this film, is a timeless work of brilliance, so much that sometimes it pains to see how this gem of an actor was underutilized in Bangla films. Apart from Anup Kumar, the film also boasts of terrific acting performances by Sandhya Roy, Anubha Gupta and Ruma Guha Thakurta.But befgore we move on, it will be a crime to not mention its cult music by the legendary Hemanta Mukhopadhyay. Though "Jibanpurer Pathik re bhai" may still be an unparalleled classic melody by the standards of music, but "Krishna kalo andhaar kalo" and "Mon je amar Kemon Kemon kore" are some other tracks that give it a run for its money in this wonderful though criminally underrated album.

HARMONIUM (1976)
Director: Tapan Sinha



The film, written and directed by legendary filmmaker Tapan Sinha, is a simple tale of fate.
The film follows the journey of a harmonioun as it changes hands and the way it becomes the reason for trouble everywhere it goes. A story where an object becomes the pivotal part of the narrative with the lives and circumstances of the characters weaved around it, is something we have seen recently in Kaushik Ganguly's Laptop. But, what stands out in this film is the subtle and delicate handling of the character's emotions and the brilliant execution of a layered narrative which was way ahead of its time.The presence of actors like Samit Bhanja, Anil Chatterjee, Asit Baran, Chaya Devi and Santosh Dutta show how a magnificent ensemble of character actors can work together to let the story take centre stage while each playing crucial roles at their own levels.

The music for the film was composed by the director Tapan Sinha himself and showcases the multifaceted talent of the legend. The movie is a striking yet simple example of the fact that a story well told can work wonders even witout the peresence of stars in it.

MARUTIRTHA HINGLAJ (1959)
Director: Bikash Roy



Directed by Bikash Roy, the movie is based on a travelogue by Kalikananda Abadhut. It is an adventure drama which follows a religious but dangerous journey to a sacred temple at Hinglaj where a group of pilgrims travel to wash off their sins.
Bikash Roy donning the hat of both the director and the lead character delivered a performance that made the character immortal on celluloid despite the presence of Mahanayak Uttam Kumar. Anil chatterjee's acting as Rooplaal and Sabitri chatterjee's portrayal of dying Kunti is brilliant to say the least.The film was too ambitious for its time in the late 1950s, when it was almost unthinkable to make an adventure-survival drama in a regional language.Nervertheless, the films was not only made, but captured stunning visuals of the dessert as a raw and barren land making it another character in the story.The film has withstood the test of time, and is remmembered not only for its achievement in cinematic excellence, but also for the sheer determination of its makers that made it a landmark film that it is today.

SESH ANKA (1963)
Director: Haridas Bhattacharaya



Sesh Anka showcases a different side of Uttam Kumar’s portrayal of heroism. Directed by Haridas Bhattacharaya and inspired by the 1958 British film Chase a crooked shadow, tells the story of a woman who surprisingly shows up in a man’s second wedding and claims to be his dead wife.

The masterstroke played by writers Haridas Bhattacharya and Raj Kumar Moitra is that of changing the character of the uninvited dead-brother in the original to that of an uninvited dead-wife. The film is unarguably considered to be one of the best thrillers ever made in Bangla. The ending with some twists deliveres finest yet one of the strangest performances by Uttam Kumar.The film evolves into a courtroom drama midway and the duel between the characters of Kamal Mitra and Utpal Dutta as the two opposing lawyers, raises few scenes to a different level of brilliance.The inherent dark humor and some deliberate comic reliefs in the courtroom scenes make it one of best courtroom dramas in Bangla.The film also has brilliant performances by Bikash Roy and Sabitri Chatterjee along with some stereotypical portrayal of father-daughter duo by Pahari Sanyal and Sharmila Thakur. Even today, the film is relevant and can serve as a textbook on writing thrillers.

ASHITE ASHIONA (1967)
Director: Sree Jayadratha



Well, Bhanu Banerjee needs no introduction and you know you're up for a joyride when he is the lead character of a movie. Ashite Ashiona is a fantastic mixture of comedy and fantasy. This is arguably one of the best works by Bhanu Bannerjee along with Jamalaye Jibanta Manush and Bhanu Goyenda Jahar Assistant. However, this film gets the edge due to its subject and uniqueness in the story which is an eighty year old man accidentally finding a pond which makes him young again. The film carefully walks through the thin line between slapstick comedy and forceful laughter. Ruma Guha Thakurta, Asit Baran, Rabi ghosh and off course Jahor Roy compliments and enriches the story while setting it class apart from regular comedy movie.

GOLPO HOLEO SOTTYI (1966)
Director: Tapan Sinha



Well, technically this is not underrated but we still think it should deserve more recognition than it gets now. In many forums, it has been recommended as a comedy or family drama, but Golpo Holeo Shottyi is much more than that. The film is layered and wrapped with pure joy and it always gives you a feel of watching a family next door. It portrays the generation gap and the economic disparity among the brothers in a magnificent way. The film teaches us so many things without being preachy. Rabi Ghosh in his portrayal of Dhanajay is more relatable than his Hindi counterpart. The supporting casts are filled with fabulous actors Bhanu Bannerjee, Ajoy Ganguly, Chaya devi, Bharati Devi and others. The movie is like a masterclass of comedy writing with variety of comedy styles – it has sarcastic comedy, dark humor, slapstick Charlie-chaplin-fast-paced laugh along with wonderful pop culture references like Chaya devi talking about a movie starring Chaya devi. Arguably one of the best movies made by Tapan Sinha.

This list is in no way conclusive and of course, there are many other movies which can be added to this list (we can probably fill up the list only with Tapan Sinha or Tarun Majumdar films).

However, these films probably best showcase how versatile and rich Bangla films of Golden era were. The films not only had a vast range of genre and subject, but also received critical acclaim along with box office success.These films actually paved way for other filmmakers to go ahead experiment with different subjects so much that the impact of these films can still be seen in recent Bangla movies.
Although Golden era is a superficial term for any evolving art form, we simply cannot ignore the impact of these movies in the history of Bangla cinema.

# বাঙালীর এক টুকরো ফিরে দেখা

ঐশী গাঙ্গুলী (বার্লিন, জার্মানি)
শ্রীয়া দাশগুপ্ত (পন্ডিচেরি, ভারত)

বছর আঠেরোর একটি ছেলে। আজ তার জীবনের শেষ রাত। কাল সে সদর্পে ব্রিটিশ সাম্রাজ্যবাদের প্রাণকেন্দ্র , রাইটার্স বিল্ডিং এর অলিন্দে আঘাত হানবে। অথচ দেখ আজ তার কি অদ্ভুত খেয়াল হল। সেই শীতের নিঝুম সন্ধ্যা বেলায় সে কিনা এক ছুটে গেল নিউ মার্কেট। একটা চিনে মাটির পুতুল কিনে, সে চুপিসাড়ে পৌঁছে গেল তার আদরের, সাত বছরের ছোট বোন খুকুর বাড়ি। "বড়মামা মা কে খুব ভালবাসত।" এক নাগাড়ে বলে চলেন বিশ্বনাথ দাসগুপ্ত, বাদল গুপ্তর সেই বোন "খুকুর" ছেলে।

"মা ভালো ছাত্রী ছিলেন। যেদিন মা আর শান্তি মাসি কুমিল্লার জেলা শাসক স্টিভেনসকে মারতে যাবে, তার আগের দিনই ছিল মায়ের ক্লাস এইটের ফাইনাল পরীক্ষা। মা বলত, তখন ভেবেছিলাম পরীক্ষাটা দিয়েই মারতে যাব, মারার পর জেল হবে নাকি ফাঁসি তা তো তখন জানা ছিল না।" একটু থামেন সুনীতি চৌধুরীর কন্যা ভারতী সেন।

"দাদা, এই স্বাধীনতার জন্যে চোদ্দ বছরের ভাইটা কে শেষ জল টুকু দিলাম না? এই স্বাধীনতা?" আফসোস করেছিল লোকনাথ বল। 1930 এর চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের পর ষাট জন বিপ্লবী জালালাবাদ পাহাড়ে,হাজার হাজার ব্রিটিশ গুলির বিরুদ্ধে বিরামহীন লড়াই চালিয়ে যাচ্ছে। তখন বছর চোদ্দর টেগরা (হরি গোপাল বল) তার "সোনা ভাই" লোকনাথ বল কে শেষ আবদার করেছিল একটু খাবার জলের। এপ্রিল মাসের কাঠফাটা রোদে, এক ঝাঁক গুলিতে ঝাঁঝরা হয়ে যাওয়া শরীরে, এই ছিল তার শেষ ইচ্ছা। ধুলো, ধোঁয়া ,গুলির মধ্যে তখন মাথা তোলা দায়।

উদ্দেশ্যটা ছিল গল্প শোনা। যে গল্পগুলো ইতিহাস বইয়ের পাতায় ঠাই পায় না। যে গল্পগুলো ঠাকুমা- দিদিমার মুখে শুনে বড় হলাম।

হারিয়ে যাচ্ছে গল্পগুলো, হারিয়ে যাচ্ছে গল্প বলার মানুষ গুলো।

দুই বন্ধু নেমে পড়লাম গল্পের খোঁজে। ইতিহাস বইয়ে পড়া নাম, সাল , তারিখের ভিড়ে হারিয়ে যাওয়া হাসি, কান্না,প্রেম-অপ্রেম, চাওয়া-পাওয়ার অন্বেষণে।

সেই খোঁজে কখনো ছুটে গেলাম শিবশংকর ঘোষের বাড়ি, যাঁর মা মলিনাবালা দেবী আশ্রয় দিয়েছিলেন চট্টগ্রাম অস্ত্রাগার "লুণ্ঠনকারী" বিপ্লবী আনন্দ প্রসাদ গুপ্ত ও জীবন ঘোষাল কে, নিজেদের বাড়িতে।

কখনো ঘন্টার পর ঘন্টা গল্প করেছি নেতাজী কন্যা অনিতার সাথে, আবার কোনো একদিন শুনেছি বাঘাযতীনের নাতনির মুখে, তাঁর বুড়িবালামের তীরে 1915 সালে, মৃত্যুর সময়ে ফেলে আসা আড়াই, পাঁচ আর সাত বছরের সন্তানের হারানো উপাখ্যান।

গল্পগুলো বৃহত্তর, আপামর বাঙালির কাছে মেলে ধরার প্রয়াসে আমরা শুরু করি ফেসবুকে একটি উদ্যোগ, যার পোশাকি নাম "অগ্নিযুগ আর্কাইভ"। আসল উদ্দেশ্য তো গল্পগুলো সংরক্ষণ। মানুষের কাছে পৌঁছে দেওয়া।

এই কঠিন সময়ে দাঁড়িয়ে ফিরে দেখার এক টুকরো জানলা। এই বছর তাই প্রবাসী পত্রিকায় রইল আমাদের শিকড় চেনার গল্পের এর অভিজ্ঞতা।

কোনো ইতিহাসের নায়ক নয়, এ যেন প্রিয়জন হারানোর গান। কারাগার থেকে লেখা অসম্পূর্ণ চিঠির গল্প, যে চিঠির গায়ে লেগে থাকে অদৃশ্য চোখের জল।

এ এক জ্বলন্ত সময়ের দলিল,একটা জাতির শিরদাঁড়া সোজা রেখে, রুখে দাঁড়ানোর গল্প। একটা জাতির স্বপ্ন দেখার, অদম্য জেদের গল্প- মন্বন্তর দেশভাগ, কাঁটাতার ডিঙিয়ে, ভিটে- মাটি হারিয়ে, শূন্য থেকে শুরুর গল্প।

যেসব অশ্রু, রক্তপাত, বিস্মৃতির অতলে হারিয়ে যাওয়া না কখনো।

# শারদ-স্বপ্ন

নিবেদিতা ব্যানার্জি।
শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ, ভারতবর্ষ

বাইরে অবিরাম বৃষ্টির ধারা, সেই সঙ্গে নিঃশব্দে তুষারপাত হয়ে চলেছে। কি ভয়ঙ্কর, কি অসহনীয় এই নিস্তব্ধতা! যেন গভীর রাত্রির নীরবতাকে টুকরো টুকরো করে ভেঙে এক অস্বাভাবিক রহস্যজাল তৈরি করেছে। জানলার বাইরে এই দৃশ্যকে একমনে দেখে চলেছে বুবকা। চোখ ফেরাতে পারছে না, অথচ খুব যে উপভোগ করছে তাও নয়। কি যেন এক নেশায় পেয়েছে ওকে। গত কয়েকটা মাসের নানা ঘটনা একেবারে ফ্ল্যাশব্যাকের মতো ঝিলিক দিচ্ছে মনে। সেই দুম করে চাকরি ছেড়ে দিয়ে লক-ডাউনের ভেতরেই শিলিগুড়ি চলে আসা, আর তারপরেই অনলাইন ক্লাশ আর নির্বান্ধব পুরীতে দিনযাপন, অপটু হাতে স্বপাক ভোজন, বাড়ির সকলের মুখগুলোর আশপাশ বিচরণ, এ সবকিছুই ওর জীবনটাকে এলোমেলো করে দিয়েছে। অথচ এরকমটা তো হওয়ার কথা ছিল না। অনেক অন্য ভাবনা, অন্য আশার জাল বুনে তবেই না এতোদূরে পাড়ি দেওয়া! সবই কি তবে ভুলের দলে ভিড় বাড়ানো?

ভাবতে ভাবতে চোখে ঘুম জড়িয়ে এসেছে এখন। মনের ভারে ক্লান্ত বুবকা ঘুমিয়ে পড়েছে ওর বিছানায়। স্বপ্ন দেখছে ওর ছেলেবেলাকার Good Shepherd School এর বার্ষিক প্রোগ্রামের নাটকের দৃশ্যের, যেখানে ওকে নিছক 'common people' এর ভূমিকাতেই রাখা হয়েছিল, যদিও পুরো নাটকটাই ওর মুখস্থ ছিল।

এখানে এসে মোবাইল ফোনে অ্যালার্ম দিয়ে ওঠা ওর অভ্যেসে দাঁড়িয়ে গেছে। কাজে কাজেই অ্যালার্মটা বেজে ওঠার সঙ্গে সঙ্গে চোখের পাতা দুহাতে কচলে উঠে পড়ল বুবকা। জানলা দিয়ে বাইরে তাকালো। এখন আর বৃষ্টি পড়ছে না বাইরে। মেঘের ফাঁক দিয়ে একটু একটু আলো এসে পড়েছে ওর বিছানায়। মনে একটা চনমনে ভাব এলো ওর। আর সেই সঙ্গে মনে পড়ে গেল আজ তো রূপমের এ দেশে পৌঁছনোর কথা। ওর একটা আস্তানা বুবকাই জোগাড় করে রেখেছে। সেখানে ওকে পৌঁছে দিয়ে আসতে হবে। বড়ো দায়িত্ব। ভাবতেই চটপট উঠে যত তাড়াতাড়ি সম্ভব তৈরি হয়ে বেরিয়ে পড়ল।

কত কত দিন পর রূপমের সঙ্গে দেখা। একসঙ্গে অনেকগুলো কথা যেন বেরিয়ে আসতে চাইছে। কিন্তু কষ্ট করে যত দূর সম্ভব ঢোঁক গিলে সেসব আটকে রাখার চেষ্টা করছে ও। রূপমের সঙ্গে রয়েছে গীটার আর বুবকার কাছে একটা খালি জলের বোতল। হাঁটতে হাঁটতে ওরা বসে পড়ল লেকের পাশে। গান ধরলো রূপম, 'ফিরবে না, ফিরবে না, ফিরবে না কোনদিন'। সঙ্গে বুবকার সঙ্গত, খালি বোতলে টোকা মেরে। হলুদ পাখির ফেরা না ফেরায় যেন ওদের আশা-আকাঙ্ক্ষা নির্ভর করছে।

দিন পেরোতে থাকে। মাসের পর মাস পেরোয়, বছর ঘুরে আসে। বুবকার চোয়াল অনেক শক্ত এখন। ও বোঝে অনেক, ভাবে অনেক, নিজেকেও বোঝায়। আবার ভাবনার জাল বুনে সেই জাল কেটে বেরিয়েও আসতে পারে। হঠাৎ একদিন আবিষ্কার করে পৃথিবীটা নেহাৎই ছোট। সেই 'ড্রইংরুমে রাখা বোকা বাক্সতে বন্দি' করে ফেলার মতো, আর তখনই ওর মনের সমস্ত গ্লানি ঘুচে গিয়ে একরাশ হাসি ছড়িয়ে পড়ে চারপাশে।

ঢাকের আওয়াজ, কাঁসরের শব্দ, চণ্ডীপাঠ। পুজো আসছে, পুজো আসছে। দেশে-বিদেশে, পৃথিবীর সর্বত্রই পুজো আসছে। বাড়ির সকলের হাসি হাসি মুখ আবার দেখতে পায় বুবকা। পুজো আসছে, ঢাক বাজছে, প্রতিমা-অঞ্জলি-ভোগ, নতুন জামা, চুটিয়ে আড্ডা হচ্ছে কোথাও। এর মানেই তো পুজো এসে গেছে দোরগোড়ায়। ভুবন মাতিয়ে আলোর বেণু বেজে উঠেছে, পুজো সত্যিই এসে গেছে।

# ছবি

জয়িতা গাঙ্গুলী
শিলিগুড়ি, পশ্চিমবঙ্গ, ভারতবর্ষ

পল আজ সকাল থেকেই খুব ব্যস্ত।কারণ আজই রেবতী মানে পলের রেবা, আর ওর ছেলে রাতুল আসবে পলের বাড়ি লন্ডনে।পল তাই ঘর বাড়ি সব ঘুছিয়ে রাখতে ব্যস্ত।যদিও ব্যাচেলর মানুষ হিসেবে পল কোনো সময়ই তেমন অগোছালো নয় তাও,কারণ আজ রাতুল আসবে ওর বাড়ি।

আচ্ছা এইবেলা পরিচয় পর্বটা সেরে ফেলা যাক।রেবতী আর পলের পরিচয় হয় আজ থেকে দু বছর আগে।রেবতী আর ও দুজনেই একটা মাল্টিন্যাশনাল কোম্পানিতে কাজ করে।পল লন্ডনের বিভাগে রয়েছে আর রেবতী ইন্ডিয়াতেই ওদের আর একটা শাখায় কাজ করে।দু বছর আগে ওদের একটা কনফারেন্স মিটিং হয়।সেখানেই দুজনের আলাপ।তারপর ফোন,ভিডিও কল এসবের মধ্যে দিয়ে ওদের প্রেম এগোয়।এর মধ্যে অবশ্য রেবতী আর পলের দুজনেরই দু তিনবার যাতায়াত হয়েছে ইন্ডিয়া আর লন্ডনে।পলের ক্ষেত্রে ব্যাপারটা লাভ অ্যাট ফার্স্ট সাইট হলেও রেবতী প্রথমে একদমই রাজি হয়নি।রেবতীর আগে একবার বিয়ে হয়েছিল।কিন্তু দুর্ভাগ্যজনক ভাবে বিয়ের বছর খানেকের মধ্যেই রেবতীর আগের স্বামী এক দুর্ঘটনায় প্রাণ হারান।সেই সময় রেবতী প্রেগন্যান্ট ছিল।তবে রেবতী ভেঙ্গে পড়েনি।নিজের কাজ,রাতুলের দেখাশোনা সব নিজের হাতে করেছে।আর নিজের জোরেই প্রমোশন পেয়ে অনেক উঁচুপদে কাজও করে।ওদিকে ছেলে অন্ত প্রাণও।ছেলের জন্যই বিশেষত ও এই ব্যাপারটায় রাজি হচ্ছিলনা।কিন্তু পলের জন্যই রেবতী শেষমেশ রাজি হয় এই সম্পর্ককে একটা সুযোগ দিতে।কিন্তু একটাই বাঁধা সেটা হলো রাতুল।রাতুল মুখে কিছু বলেনি কোনোদিনই,কিন্তু রেবতীর মনে হয় রাতুল তার মার এই ধরণের কোনো সম্পর্ক জড়িয়ে পড়লে সহজে মেনে নিতে পারবে।আর এই ব্যাপারটা পলও লক্ষ্য করেছে। ও ইন্ডিয়াতে গেলে রাতুলের সাথে সহজে মেলামেশা করতে চাইলেও রাতুল কেমন যেনো আড়ষ্ট হয়ে থাকে।রাতুল আসলে ছেলেটা অন্যরকম।নামকরা ইংলিশ মিডিয়াম স্কুলে ক্লাস নাইনে পড়ে ও।বাংলা ভাষা ও সংস্কৃতি নিয়েও ওর খুব ইন্টারেস্ট।রবীন্দ্রনাথ,সুকান্ত ওর প্রিয় কবি।গান শুনতেও খুব ভালোবাসে। ছবি আঁকার হাতও দারুন।আসলে ও একটু বেশি সেন্সিটিভ ধরনের ছেলে।আর পল হলো একদম উল্টো।ফুটবল খেলা, ওয়াইল্ড লাইফ ফটোগ্রাফি,সাঁতার কাটা এগুলো হলো ওর পছন্দের বিষয়।তাই হয়তো দুজনে আরো কাছাকাছি আসতে পারছেনা।যদিও পল লন্ডনে বড় হলেও ওর বাবা ভারতীয় বাঙালি ছিলেন।তাই পল সব না হলেও বাংলা ভাষা,সভ্যতা,সংস্কৃতি সম্বন্ধে অনেকটাই জানে।বাংলা বলতেও পারে ভালোই।ওই তাই এই আইডিয়াটা দিয়েছিল।এবারের পুজোটা লন্ডনেই কাটাতে। রাতুলেরও একটা নতুন অভিজ্ঞতা হবে।আর পলও ওর সাথে সময় কাটানোর সুযোগ পাবে।তারপরে বসে না হয় আলোচনা করা যাবে ওদের ভবিষ্যতের ব্যাপারে।

এই যাহ! এইসব ভাবতে ভাবতে কখন সময় হয়ে গেছে বুঝতেই পারেনি।ওদের প্লেন ল্যান্ড করে যাবে আর কিছুক্ষনের মধ্যেই।পল নিজেই রিসিভ করতে যাবে।ঘরের দিকে তাকিয়ে একবার দেখে নিল পল। আশা করা যায় ওদের পছন্দ হবে।রাতুলকে নিয়েই চিন্তা পলের।রুম ফ্রেশনারটা ছড়িয়ে দিয়ে ও বেড়িয়ে পরে।

এয়ারপোর্টে এসে কিছুক্ষন অপেক্ষা করার পর রেবতী আর রাতুলকে দেখতে পায় ও। সাক্ষাৎপর্ব মেটার পর বাইরে এসে গাড়ি ড্রাইভ করে ওদের নিয়ে যেতে যেতে লন্ডনের দ্রষ্টব্য জায়গাগুলো নিয়ে ওদের বলছিল।রেবতীও টুকটাক কথা বলছিল।রাতুল চুপচাপই ছিল।তবে ওর দু চোখে মুগ্ধতা দেখতে পাচ্ছিল পল।কিছুক্ষনের মধ্যেই বাড়ি পৌঁছে যায় ওরা।ব্যাগ গুলো পল গাড়ি থেকে নামাতে নামাতে ওদের এগোতে বললো।ড্রইং রুমে কিছুক্ষন বসার পর ওদের যে যার ঘরে গিয়ে ফ্রেশ হয়ে নিতে বলে।রাতুলকে ওর ঘরটা দেখানোর জন্য ওর আর তর সইছেনা।রাতুল ঘরটা খুলে বেশ চমকে যায়।পুরো ঘরটা একটা হালকা নীল রঙের পেইন্ট করা।জানালার পাশে একটা সাদা মার্বেলের টেবিল।তার পাশে আলমারিতে বেশ কিছু বই।বাংলা তো আছেই ইংলিশ বইও রয়েছে প্রচুর। হ্যারী পটার থেকে শুরু করে সুকুমার রায় সবই আছে।আর ঘরের অন্য প্রান্তে একটা সাদা রঙের বড় ক্যানভাস আর রং তুলি সব রাখা।রাতুল বেশ চমকে গেছে বোঝা যায়।পল হেসে বলে কি ইয়ং ম্যান কেমন লাগলো সারপ্রাইজ? রেবতীও বলে পছন্দ হয়েছে তো তোমার?পল আঙ্কেল কিন্তু বারবার তোমার সব পছন্দ জেনে নিয়ে এগুলো সাজিয়ে রেখেছে তোমার জন্য।রাতুল হেসে বলে থ্যাংকস আঙ্কেল।বই গুলো নিয়ে পড়তে পারব তো?পল হেসে বলে আরে তোমার জন্যই তো সব রাখা। জানো তো আমার বাবাও ভীষণ বই পড়তে ভালোবাসতেন।এগুলো ওনারই সব কালেকশন।আর কিছু আমি জোগাড় করেছি।ভবিষ্যতে তুমি এখানে এসে থাকলে সব তো তোমারই থাকবে।রাতুলের মুখের খুশিটা যেনো দপ্ করে নিভে যায়।রেবা এটা লক্ষ্য করে বলে ওঠে,এখন এসব কথা থাক না পল।তোমার হাতের কফি খাইনা অনেকদিন,খাওয়াবে?পল বলে হ্যা হ্যা নিশ্চয়ই আমি এক্ষুনি বানিয়ে নিয়ে আসছি।ওদের দু জনকে ফ্রেশ হতে বলে ও কফি বানাতে চলে যায়।পল চলে যেতেই রাতুল জিজ্ঞেস করে মাম্মাম সত্যিই সত্যিই আমরা এখানে এসে থাকব ফিউচারে?রেবতী আলতো হেসে বলে,খুব খারাপ হবে কি সেটা?এখানে অনেক বেটার স্কুল আছে।সব কিছুই তো ভালো। নতুন বন্ধুও কত হবে দেখবে।হোয়াট অ্যাবাউট মাই ওল্ড ফ্রেন্ডস মাম্মা,মাই স্কুল অ্যান্ড অল?রেবতী ছেলের মাথায় অল্প হাত বুলিয়ে বলে আচ্ছা সে দেখা যাবে।যদি তোমার ভালো লাগে তবেই তো।না হলে কিচ্ছু হবেনা তুমি ভেবোনা।আর এখন তো আমরা ঘুরতে এসেছি। সো লেটস এনজয় দ্যাট।নাও ফ্রেশ হয়ে নাও। সবাই ফ্রেশ হয়ে কফি খেতে খেতে বসে একটা প্ল্যান কষে নেয়।এই কদিন কিভাবে কি কি ঘোরা হবে। বেশিদিনের ছুটি পায়নি রেবতী।এই কদিনের মধ্যেই ঘোরাঘুরি সেরে আবার ইন্ডিয়া ফিরতে হবে ওদের।তার মধ্যেই পুজো।লন্ডনে অনেক না হলেও এখন বেশ কয়েকটা পুজো হয়।সেগুলোতে তো যেতেই হবে।এইসব। প্ল্যান প্রোগ্রাম করতে করতেই প্রথম দিনটা কেটে গেলো।

এরপর কটা দিন লন্ডনের সব জায়গা যেমন বাকিংহাম প্যালেস,লন্ডন আই,বিগ বেন,শার্লক হোমস মিউজিয়াম,টাওয়ার ব্রিজ,হাইড পার্ক এইসব বিখ্যাত জায়গা তো আছেই। এছাড়াও বোট রাইড করিয়েছে পল ওদের। রাতুলের যে খুব ভালো লাগছে বোঝাই যাচ্ছে।লন্ডন শারদোৎসব এও খুব মজা করেছে ওরা।পুজো দেখা,ধুনুচি নাচ,প্রতিদিন প্রসাদ পাওয়া।বাইরে থেকেও নিজের মত করে বাঙালিয়ানাকে খুঁজে নেওয়ার প্রয়াস আসলে সব।এখানে বাঙালি অন্যান্য ছেলেমেয়েদের সাথে বেশ ভাবও হয়েছে রাতুলের।পল প্রতিবারেই পুজো দেখতে আসলেও এতটা লিপ্ত থাকেনা।এবারে ওদের জন্য ওর ও পুজোর সময়টা খুব ভালো কাটলো।একদিন পাঞ্জাবীও পড়েছিল ও।রেবতী ও যে খুব খুশি এটা ওর মুখ চোখ দেখে বোঝা যাচ্ছিল।ওদের মা ছেলের অনেক ফটো তুলেছে পল। পরে যাওয়ার আগে ওদের ডেভলপ করে দেবে।যে ছবিটা সবচেয়ে বেশি পছন্দ পলের সেটা হলো রেবা আর রাতুল দাঁড়িয়ে আছে ঠাকুরের সামনে। দুজনের মুখ একদম খুশিতে উজ্জ্বল।রাতুলের খুশিটাই বেশি ভালো লেগেছে পলের। রাতুল ছেলেটাও খুব একলা। এই কদিনে এইটুকু বুঝেছে পল।চেষ্টা করছে ও যতটা হয় ওদের মধ্যে দূরত্বটা দূর করার।তবে রাতুল আর পলের একটা বিষয়ই খুব মিল।দুজনেই খেতে খুব ভালোবাসে।পল তাই যাওয়ার আগের

দিন নিজের হাতে সব বাঙালি রান্না করে খাইয়েছে ওদের। হ্যা,পুরোটা নিজে পারেনি। রেবতী অনেক সাহায্য করেছে।বাসন্তী পোলাও,মাংস,চিংড়ির মালাইকারি এইসব।রাতুল ভীষণ খুশি হয়েছে।খাওয়া দাওয়ার পর অনেক গল্পও করেছে ওরা।

রেবতী ব্যাগ গোছাতে চলে গিয়েছিল।কাল সকালেই ফ্লাইট ওদের।পল আর রাতুল বসেছিল মুখোমুখি।এটা সেটা কথার পর।পল দুটো ছবি এনে রাখে রাতুলের সামনে।একটা হলো সেইটা যেটা ও রেবা আর রাতুলের তুলেছিল আর একটায় ওরা তিন জনেই রয়েছে।পল আর রেবতীর পাশে রাতুল।এটাও আসলে ভীষণ পছন্দের ছবি পলের।রাতুল ছবি দুটো হাতে নিয়ে বলে,ওয়াও আঙ্কেল,দারুন হয়েছে তো ফটো দুটো!পল হেসে বলে হ্যা।এবার দেখোতো কোনটা তোমার বেশি পছন্দ?ওটাই ফ্রেম করবো।ওটা আমি এর পরের বারে ইন্ডিয়া গেলে নিয়ে যাবো তোমাদের জন্য উপহার হিসেবে।আমারতো তোমার আর তোমার মায়ের এই ছবিটাই বেশি ভালো লাগছে।বাট দ্যা ডিসিশন ইস কমপ্লিটলি ইওরস।রাতুল অল্প সময় ভাবে।ঠিক আছে আজ ভেবে নিয়ে কাল বলবো আঙ্কেল।আচ্ছা বেশ বেশ।অনেক রাতও হলো। ঘুমিয়ে পড়ো।কাল অনেক সকালে উঠতে হবে তোমাদের

এয়ার পোর্টে পৌঁছে পল আর রেবতী প্রয়োজনীয় সব জিনিস গুলো গুছিয়ে নিতে লাগলো।পল আজ বেশিক্ষণ থাকতে পারবেনা ওদের সাথে।ওর একটা জরুরী মিটিং আছে।ওদের পৌঁছে দিয়েই চলে যাবে।ফিরেই যাচ্ছিল পল।রাতুল দৌড়ে আসে।আঙ্কেল ভুলেই গেছিলাম।এই নাও।রাতুল ওদের তিন জনের ফটোটাই পলের হাতে তুলে দেয়।তুমি যতগুলো ছবি তুলেছ মাম্মামকে এটায় সবচেয়ে বেশি খুশি লাগছে।জানোতো ছবি কখনো মিথ্যা বলেনা।তাই এটাই ফ্রেম করিয়ে রেখো।মাম্মাকে এত খুশি আমি দেখিনি আগে।রেবতী রাতুলকে ডাক দেয়।রাতুল যেতে গিয়েও আবার ফিরে আসে।আর নেক্সট টাইম টিনটিনের বইও রেখো।আমার সবচেয়ে প্রিয় বই ওটাও।পল এতক্ষনে হেসে মাথা নাড়ায়।গাড়ি ড্রাইভ করতে করতে দেখে মেঘ কেটে সকালের সোনা রোদ চিকচিক করছে।দুর্গা পুজো শেষ হয়ে গেলেও।নতুন জীবনের আগাম সূচনা যেনো আজ থেকেই শুরু হয়ে গেছে বলে মনে হলো ওর।যেতে হবে,খুব তাড়াতাড়ি ইন্ডিয়া যেতে হবে ওকে।পরের বারের পুজোটাও একসাথেই কাটাবে ওরা।

# 6 Missing Children

Peter Wan(Areehah Saha)
Berlin, Germany

6 children went missing
Latest information

6 school students while walking home from school and went missing and never returned. The school students that went missing were Susan Hunter, Patrika Hunter, Karen Snap, James Washington, Alexander Wing, Chris Mantel. All in 5th grade at the age of 11 and Studied at the school named Beverly primary school on 365 Elm Street. It was indescribable what I saw must have been the scariest thing ever I went to Beverly primary school ever since the age of 8. It was a beautiful and wonderful school but many unexpected things happened at this beautiful school like kids losing their lunches or teachers randomly passing out this was abnormal, but no one thought much of it until a crime scene happened at exactly 2:00 AM after mr David got stabbed in the head school was off for 3 whole months but no one knew exactly why this happened then, after school reopened a weird new teacher taught our math class and he was the cause of the murder his name was Mr Dark.
But I got a job at petes even though I didn´t pass school but 10 years after that incident the school reopoend and mr dark was back and he was even more dedlier since the last time every day a child would go missing and would appear dead on the maple leaf trees. But no one knew this untill it happened more frequently. Children started spotting it and anyone who said anything died on the same maple leaf tree untill a teacher contacted the police about this the only reason I know this is because of the principal who was a good friend of mine he was really kind and never really questioned Mr dark that much but even Mr Tuchoa Didn´t know why he was teaching in the first place since he never hired him in the first place he just appeared. 1 peculiar thing about Dark Is that he sometimes taught math or taught English class he always interchanged between them both but after his lessons were over he would specificly take 6 children from the fifth grade to The Upstairs and after 3 days of killing and stabbing he would then stop for a breif 2 days and after 1 year of these crimes he got Cuffed and sent to jail and was killed due to suicide and the missing children were paid respects and the school was closed down for Good. But the suicide was just a theory because of blood marks in his cell but he could have just fooled every one who knows he could have could have not its still unkown but for now he could be running an Alias So do not trust anyone.

## Lord Ganesha

Srisa Bhattacharya
8 years
Berlin, Germany

Lord Ganesha is the son of Lord Shiva and Goddess Parvati. Lord Ganesha is easily recognized with his elephant head and human body. He was created by his mother , Goddess Parvati using clay which is moulded into the shape of a boy. Lord Shiva didn't know that Ganesha is his son. One day Ganesha refused to let Lord Shiva enter his home because Goddess Parvati was taking a bath there. As a result, Lord Shiva was angry and decapitated Ganesha's head. When Lord Shiva understood that he cut off his own son's head then he told Lord Brahma to bring the head of the first living being. Brahma found an elephant and brought the elephant's head and placed it on Ganesha. Everyone was happy to see him alive.




As per the traditions, Lord Ganesha is worshipped first before beginning any Puja. Lord Ganesha is worshipped as the God of wisdom, prosperity and good fortune.

Lord Kartikeya is the brother of Lord Ganesha. One day Lord Shiva decided to present his sons with the challenge in which both of his sons had to circle the world three times. The one who wins the race would get the fruit of wisdom. So Kartikeya and Ganesha agreed to take part in the competition.

Ganesha's vehicle is a mouse and Kartikeya's vehicle is a peacock. As the race started Kartikeya sat on the peacock and flew into the air. At his own pace , Ganesha walked towards his parents and started circling them three times. After that he stood before his parents with folded hands. He said with utmost humility that his parents meant the world to him as they created him. Lord Shiva was very pleased with Ganesha and declared him the winner and the fruit of wisdom was bestowed upon him. This is how Ganesha used his knowledge to win the contest.

# Ganesha’s Mouse

Aarjohee Saha
8 Years
Berlin, Germany

Many years ago, there was a wicked demon named Gajamugasuran. Like most of the cruel demons he was an ardent devotee of the destroyer of the universe, Lord Shiva. Pleased with his devotion, Lord Shiva granted him a boon. Gajamugasuran thought for a while before asking for his boon and then said, “My Lord Shiva, please make me so powerful that no weapon can destroy me.’ Gajamugasuran became very proud and boastful after the Lord granted the boon because he thought he was the most powerful living being! Becoming so proud and arrogant, he started disturbing the Gods. Tired of his torture the Gods went to Lord Shiva to seek for help. The Lord sent his trustworthy son Ganesha to help the Gods. Ganesha went with many powerful weapons to destroy Gajamugasuran, but all his weapons were useless, because Gajamugasuran was granted by Shiva that no weapon could destroy him.

Seeing his weapons the demon laughed and said, “Ganesha your attempts to destroy me are completely harmless to me and you might as well go back and accept your defeat. You convey this to all the Gods.” After saying this Gajamugasuran took the form of a little mouse and ran towards Ganesha. Ganesha was very clever and instantly sat on the mouse. Gajamugasuran could not bear the weight and was forced to accept his defeat.

He then had to apologize for his deeds to Ganesha though unwillingly. After this incident Lord Ganesha is always carried by a mouse as his `bahon´.


THE 4 SEASONS

Abhigjna Sinha Roy
9 Years
Frankfurt, Germany

We bring life to the world.
Without us the birds will not sing,
The flowers will not bloom,
The bees will not buzz,
The leaves will not fall,
No snow to make snowman…

Can you guess who we are?
We are the 4 seasons.
Spring-Summer-Autumn-Winter
We work with the nature to bring colours and happiness.
We love the nature, we love our EARTH.

# ছবি এবং ফটোগ্রাফি







Aeindra Saha, 11 years
Berlin, Germany



Deepra Banerjee, 12 years
Singapore



Dyuti Banerjee, 10 years
Singapore




Aarjohee Saha 8 Years
Berlin, Germany




Saranya Dey, 6 years
Berlin, Germany




Halona Paul, 17 years
Berlin, Germany




Aditi Srivastava, 10 years
Dhanbad, India



Tyasha Sarkar, 11 Years
Berlin, Germany



Abhigjna Sinha Roy, 9 Years
Frankfurt, Germany





Srisa Bhattacharya, 7 years
Berlin, Germany



Tiyasha Sarkar, 10 years
Berlin, Germany



Satadru Dutta, 9 years
Berlin, Germany



Nilormi Das





Pritha Das, Germany





।। কোলকাতা ।।

Mayurakshi Das
Kolkata, West Bengal, India




Taniya Sen
Berlin, Germany



Sohini Chakraborty Kolkata,
West Bengal, India




Taniya Banerjee
Berlin, Germany



Shanaia Dutta,
Berlin, Germany



Pooja Sur Saha
Berlin, Germany



Sridatri Lahiri
Berlin, Germany



Suvo Das
Berlin, Germany



Satyam Roy Chowdhury
Kolkata,India



Suvojit Das
Kolkata, West Bengal, India



Arunava Ghosh
Kolkata, West Bengal, India

দুগ্গা দুগ্গা